# উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতিঃ আমীনুর খান<br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও প্রশাসক, হালুয়াঘাট উপজেলা পরিষদ<br>হালুয়াঘাট, ময়মনসিংহ<br>ও সভাপতি<br>উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি। | সভার স্থানঃ উপজেলা পরিষদ কনফারেন্স কক্ষ<br>হালুয়াঘাট, ময়মনসিংহ।<br>তারিখ: ১৬.০৫.২০২৫খ্রি.<br>সময়: বিকাল: ৩.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দ:- পরিশিষ্ট 'ক'

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যদেরকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার পক্ষে অফিস সহকারী জনাব আল আমিন জানান যে, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের তথ্যমতে ও জেলা জেলা প্রশাসক, ময়মনসিংহ মহোদয়ের নির্দেশনায় হালুয়াঘাট উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির জরুরী মিটিং করার সিদ্ধান্ত রয়েছে। তিনি আরও বলেন গতবছর হালুয়াঘাট উপজেলায় ভয়াবহ বন্যা সংগঠিত হয়েছে। তাই সবাইকে সতর্ক থেকে এবার আগাম প্রস্তুতি নেওয়া দরকার। সাম্প্রতিক অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলে ক্ষতিগ্রস্ত হালুয়াঘাট উপজেলাধীন ভুবনকুড়া, জুগলী, হালুয়াঘাট সদর, গাজিরভিটা ও বিলডোরা ইউনিয়নে বন্যার সম্ভাবনা রয়েছে। বন্যাকালীন সময়ে চিকিৎসার জন্য প্রয়োজনীয় জরুরী ঔষধ হালুয়াঘাট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সংরক্ষণ রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে দ্বিতল শিক্ষা প্রতিষ্ঠানসমূহ প্রয়োজনে আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহারের জন্য প্রস্তুত রাখতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট জানান যে, ভারতের মেঘালয়ে পাহাড়ে অতিবৃষ্টি হলে হালুয়াঘাট উপজেলার পৌরসভাসহ ৫টি ইউনিয়ন (ভুবনকুড়া, জুগলী, কৈচাপুর, হালুয়াঘাট সদর এবং গাজিরভিটা) এবং নালিতাবাড়ি ভোগাই নদীর পানি বৃদ্ধি পেলে এ উপজেলার ৭টি ইউনিয়ন (ধুরাইল, ধারা, আমতৈল, শাকুয়াই, নড়াইল, বিলডোরা ও স্বদেশী) বন্যা কবলিত হয়। ভুবনকুড়া ইউনিয়ন, হালুয়াঘাট সদর ইউনিয়ন, গাজিরভিটা ইউনিয়ন, ধুরাইল ইউনের পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নির্মিত বাঁধসমূহ মেরামত করা অতীব প্রয়োজন। ১২টি ইউনিয়ন পরিষদসমূহও জরুরী প্রয়োজনে বন্যা আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহার করতে হবে। দুর্যোগ ব্যবস্থাপন ও ত্রাণ মন্ত্রণালয়ের ২টি বন্যা আশ্রয়কেন্দ্র রয়েছে। (১টি ১০ নং ধুরাইল ইউনিয়নে চরগোরকপুরে এবং অন্যটি ২ নং জুগলী ইউনিয়নে জয়রামকুড়া ঘোষবেড় স্কুল এন্ড কলেজে অবস্থিত)। তিনি নড়াইল ইউ.পি চেয়ারম্যানকে সকল নৌকার মাঝি ও নৌকার মালিকগণের মোবাইল নম্বর দ্রুত সময়ে সংগ্রহ পূর্বক সরবরাহ করার জন্য অনুরোধ করেন। হালুয়াঘাট পৌরসভাধীন বিভিন্ন ড্রেন, কালভার্টগুলো নিয়মিত পরিষ্কার রাখার জন্য তিনি পৌরসভাকে অনুরোধ করেন। তাছাড়া হালুয়াঘাট উপজেলাধীন সমূদয় প্রাথমিক বিদ্যালয়, উচ্চ বিদ্যাল/কলেজ ও মাদ্রাসাসমূহ যাতে প্রয়োজনে আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহার করা যায় তার ব্যবস্থা করতে হবে বলেও তিনি জানান।

সাংবাদিক জনাব ওমর ফারুক সুমন তার বক্তব্যে তুলে ধরেন যে, গতবছরের মত বন্যা হালুয়াঘাট উপজেলায় ইতোপূর্বে আর হয়নি। তবে এনজিও কর্মী, স্বেচ্ছাসেবক, উপজেলা প্রশাসন এর আন্তরিক প্রচেষ্টায় সফল ভাবে উত্তোরণ সম্ভব হয়েছে। এ বছর দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আগাম উদ্যোগ সময়োপযোগী বলে তিনি ধন্যবাদ জানান।

সাংবাদিক জনাব মো: হাতেম সাহেব বলেন, বন্যার পানিতে নষ্ট হতে পারে এমন আসবাবপত্রগুলো আগেই নিরাপদ স্থানে সরিয়ে রাখার জন্য জনগণকে সচেতন করতে হবে।

সাংবাদিক জনাব মো: আব্দুর রাজ্জাক সাহেব তার প্রস্তাবে জানান, হালুয়াঘাট উপজেলায় নদী ও ড্রেনগুলোর পানি নিষ্কাশন ব্যবস্থা ঠিক না থাকায় সহজে পানি জমে যায়। বিশেষ করে দর্শা নদীর ভরাট, আবর্জনা ও গাছপালাগুলো সরিয়ে পানির প্রবাহ ঠিক রাখার জন্য তিনি অনুরোধ করেন।

সাংবাদি জনাব মো: জুলফিকার আলী জুলমত সাহেব জানান যে, পূর্ব প্রস্তুতি হিসেবে কিছু ডিঙি নৌকা ও ইঞ্জিন চালিত নৌকার ব্যবস্থা রাখা। তাছাড়া মোমবাতি ও শুকনো খাবার পর্যাপ্ত মজুদ রাখার জন্য তিনি অনুরোধ জানান।

সাংবাদিক জনাব মো: মানিক চৌধুরী সাহেব জানান যে, জনগণকে সচেতন করার জন্য মাইকিং করার নির্দেশনা দেওয়া জরুরি। তাছাড়া হালুয়াঘাটের অবহেলিত এলাকাগুলোর উন্নয়ন করার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান।

সাংবাদিক জনাব মো: দেওয়ান নাইম সাহেব জানান যে, হালুয়াঘাট উচ্চ বিদ্যালয়ের পাশের নতুন ড্রেনগুলো ময়লায় ভরপুর। তাছাড়া বালিকা উচ্চ বিদ্যালয়ের এলাকা নিচু হওয়ায় সহজে পানি জমে যায়। এগুলো সংস্কার করার জন্য তিনি অনুরোধ জানান।

উপজেলা ফায়ার সার্ভিস অফিসার জানান যে, আমাদের উদ্ধারকারী টিম সর্বদা মানুষের নানা বিপদ-আপদে পাশে থাকে। সম্ভান্য বন্যা মোকাবিলায় তাদের টিম সর্বদা প্রস্তুত আছে।

## সিদ্ধান্ত সমূহ:

১। উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ প্রয়োজনে আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহারের জন্য প্রস্তুত রাখতে প্রতিষ্ঠান প্রধানকে পত্র প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

২। জরুরি প্রয়োজনে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে নিয়ে মেডিকেল টিম গঠন করে সার্বক্ষণিক প্রস্তুত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৩। সংশ্লিষ্ট এনজিও সমূহকে উপজেলা কমিটির সাথে সমন্বয় পূর্বক কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয় ও ইউনিয়ন দুর্যোগ স্বেচ্ছাসেবকদের সার্বক্ষণিক প্রস্তুত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। বন্যায় রাস্তা রেইন কাট হয়ে ক্ষতিগ্রস্ত হতে পারে। এজন্য এলজিইডি ও আরএইচডি কে উপজেলা হতে ইউনিয়ন, জেলা হতে উপজেলার রাস্তা সমূহ সার্বক্ষনিক যোগাযোগের জন্য দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।

চলমান পাতা-২

CamScanner

৫। সরকারী ব্রীজ/কালভার্টের সামনে বাঁধ দিয়ে পানি আটকানো প্রতিরোধে ইউ.পি চেয়ারম্যান'কে সরেজমিনে পরিদর্শন করে পদক্ষেপ নেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসারকে তাদের উদ্ধারকারী টিম সর্বদা প্রস্তুত রাখার জন্য অনুরোধ করা হলো।

৭। নড়াইল ইউ.পি চেয়ারম্যানকে সকল নৌকার মাঝি ও নৌকার মালিকগণের মোবাইল নম্বর দ্রুত সময়ে সংগ্রহ পূর্বক সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো।

৮। বিভিন্ন ইউনিয়নের মসজিদসমূহে মাইকিং করে নির্দেশনা প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যান/প্রশাসকগণকে অনুরোধ করা হয়।

৯। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের SOD মোতাবেক ইউনিয়ন পর্যায়ে গঠিত কমিটিগুলো সচল রেখে দায়িত্ব পালনের সিদ্ধান্ত গৃহিত হয়।

১০। হালুয়াঘাট উপজেলার বিভিন্ন নদী/ কালভার্টগুলো সংস্কারের নিমিত্ত প্রস্তাব পাঠানোর সিদ্ধান্ত গৃহিত হয়।

১১। হালুয়াঘাট পৌরসভাধীন ড্রেন, কালভার্টগুলো নিয়মিত পরিষ্কার রাখতে প্রশাসক মহোদয়কে অনুরোধ করা হয়।

১২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক'কে খাদ্যের বস্তা নিরাপদ জায়গায় সরিয়ে রাখার জন্য অনুরোধ করা হয়।

১৩। দুর্যোগকালীন ভোগান্তি লাঘবে জনসাধারণকে শুকনো খাবার, প্রয়োজনীয় ওষুধ, পানি শোধক টেবলেট ইত্যাদি সংগ্রহে রাখার বার্তাটি ইউনিয়ন পর্যায়ে ব্যাপক প্রচারের লক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যান/প্রশাসককে অনুরোধ জানানো হয়।

১৪। বাংলাদেশ সেনাবাহিনী, বিজিবি ও উদ্ধারকর্মীদের অনাকাঙ্ক্ষিত যেকোন পরিস্থিতি মোকাবিলায় সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়।

১৫। সাংবাদিকবৃন্দকে ভারী বর্ষণ ও বন্যার পূর্বাভাস সম্পর্কে অবহিত হয়ে তা প্রচারের উদ্যোগ গ্রহণ করতে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

16/05/25

(আলীনূর খান)
উপজেলা নির্বাহী অফিসার
ও প্রশাসক, হালুয়াঘাট উপজেলা পরিষদ
হালুয়াঘাট, ময়মনসিংহ
ও সভাপতি
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
হালুয়াঘাট, ময়মনসিংহ।

স্মারক নং- ৫১.০১.৬১২৪.০০০.৯৮.০০২.২১- ৯৮০

তারিখ: ১৬.০৫.২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-

১। জেলা প্রশাসক, ময়মনসিংহ
২। প্রশাসক, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ
৩। সহকারী কমিশনার (ভূমি), হালুয়াঘাট, ময়মনসিংহ
৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ময়মনসিংহ
৫। চেয়ারম্যান, ..........................(সকল) ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ
৬। প্রশাসক, .......................... (সংশ্লিষ্ট) ইউনিয়ন পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ
৭। অফিসার ইনচার্জ, হালুয়াঘাট থানা, হালুয়াঘাট, ময়মনসিংহ
৮। উপজেলা ................................................কর্মকর্তা, হালুয়াঘাট, ময়মনসিংহ
৯। স্টেশন অফিসার, উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, হালুয়াঘাট, ময়মনসিংহ
১০। প্রধান শিক্ষক.....................................বিদ্যালয়, হালুয়াঘাট, ময়মনসিংহ
১১। সভাপতি, উপজেলা প্রেসক্লাব, হালুয়াঘাট, ময়মনসিংহ
১২। প্রতিনিধি, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড/পল্লী বিদ্যুতায়ন বোর্ড, হালুয়াঘাট, ময়মনসিংহ
১৩। জনাব ...................................................... হালুয়াঘাট, ময়মনসিংহ
১৪। ..........................এনজিও প্রতিনিধি, হালুয়াঘাট, ময়মনসিংহ

16/05/25

উপজেলা নির্বাহী অফিসার
হালুয়াঘাট, ময়মনসিংহ

CS CamScanner